

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৪৪১

২৩/ বাণিজ্য ও উপার্জন

পরিচ্ছেদঃ ঋণ দেওয়া, পরিশোধ নেওয়া, পাওনাদারের পাওনা আদায়

## আরবী

عَنْ حُذَيْفَةَ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ أَتَى اللهُ عَنَّ وَجَلَّ بِعَبْدِ مِنْ عِبَادِهِ آتاهُ اللهُ مَالاً فَكُنْتُ فَقَالَ لَهُ مَاذَا عَمِلْتَ في الدُّنْيا فقال مَا عَمِلْتُ مِنْ شَيْءٍ يا رَبِّ إلاَّ أَنَّكَ آتَيْتَنِي مالاً فَكُنْتُ أَبايِعُ النَّاسَ وَكَانَ مِنْ خُلُقِي أَنْ أُيُسِّرَ على المُوسِرِ وأُنْظِرَ المُعْسِرَ قالَ الله تعالى أنا أحق بَذَلِكَ مِنْكَ تجاوَزُوا عنْ عَبْدِي

## বাংলা

(২৪৪১) হুযাইফা (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কিয়ামতের দিন আল্লাহ আযযা অজাল্লার নিকট এক বান্দাকে আনা হবে, যাকে তিনি ধন দান করেছিলেন। তিনি তাকে প্রশ্ন করবেন, 'তুমি দুনিয়াতে কী কী আমল করেছিলে?' লোকটি বলবে, 'হে আমার প্রতিপালক! আমি এমন কিছু আমল করতে পারি নি। তবে আপনি আমাকে যে ধন দান করেছিলেন, তদ্ধবারা আমি ব্যবসা-বাণিজ্য করতাম। আর তাতে আমার চরিত্র এই ছিল যে, আমি সামর্থ্যবান ব্যক্তির প্রতি সরলতা প্রদর্শন করতাম এবং অসামর্থ্যবান ব্যক্তিকে (আমার পাওনা আদায়ে) সময় দিতাম।' তখন মহান আল্লাহ বলবেন, 'এ ব্যাপারে আমি তোমার থেকে বেশী হকদার। (হে ফিরিশতামণ্ডলী!) আমার বান্দাকে তোমরা মুক্তি দাও।

## ফুটনোট

(হাকেম ৩১৯৭, সহীহুল জামে' ১২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন